# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৯৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০. প্রথম অনুচ্ছেদ - সালাতের নিয়ম-কানুন

بَابُ صِفَةِ الصَّلٰوةِ

## আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يَرْفَعُ يَدَيْهِ حَذْوَ مَنْكِبَيْهِ إِذَا افْتَتَحَ الصَّلَاةَ وَإِذَا كَبَّرَ لِلرُّكُوعِ وَإِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ رَفَعَهُمَا كَذَلِكَ وَقَالَ: سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ رَبَّنَا لَكَ الْحَمْدُ وَكَانَ لَا يَفْعَلُ ذَلِكَ فِي السُّجُودِ

## বাংলা

৭৯৩-[৪] ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত (সালাত/নামায/নামাজ) শুরু করার সময় দু’ হাত কাঁধ পর্যন্ত উঠাতেন। আবার রুকূ’তে যাবার তাকবীরে ও রুকূ’ হতে উঠার সময় ’’সামি’আল্লা-হু লিমান হামিদাহ, রব্বানা- ওয়ালাকাল হামদু’’ বলেও দু’ হাত একইভাবে উঠাতেন। কিন্তু সাজদার সময় এরূপ করতেন না। (বুখারী ও মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৭৩৫, নাসায়ী ১০৫৯, সহীহ ইবনু হিব্বান ১৮৬১, দারেমী ১২৮৫।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসটি স্পষ্ট দলীল যে, উল্লিখিত তিন স্থানে দু’ হাত উঠানো সুন্নাত। আর এটা সত্য ও বেশী সঠিক ইমাম বুখারী (রহঃ) বর্ণনা করেন, মুসলিম জাতির ওপর হক (ওয়াজিব) যে, যখন সে রুকূ‘তে যাবে তখন দু’ হাত কাঁধ পর্যন্ত উঠাবে এবং যখন রুকূ‘ থেকে উঠবে তখনও দু’ হাত কাঁধ পর্যন্ত উঠাবে। বুখারী (রহঃ) আরো কিছু বাড়তি কথা বলেন যে, ইবনু ‘উমার (রাঃ) সে যুগে সবচেয়ে বেশী বিজ্ঞ ছিলেন। তিনি যখন দু’ স্থানে হাত উঠালেন তখন সমস্ত মুসলিম জাতির ওপর বিষয়টা কর্তব্য হয়ে থাকবে। এ মতামত সাহাবীগণের থেকে শুরু করে সাধারণত সমস্ত ‘ইলমওয়ালাদের থেকে পাওয়া যায়। তাবি‘ঈন ও তাদের পরবর্তী সকলেই এ রফ‘উল ইয়াদায়নসহ সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করেছেন। মুহাম্মাদ ইবনু নাসর আল মারুযী বলেন, একমাত্র

কুফাবাসী ছাড়া সকল শহরের ‘উলামাগণ রফ্‘উল ইয়াদায়ন শার‘ঈ বিধান হওয়ার ব্যাপারে ঐকমত্য ব্যক্ত করেছেন। বুখারী (রহঃ) আরো বলেন। রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সমস্ত সাহাবীগণ সালাতে হাত উঠাতেন।

এমন কোন সহীহ হাদীস নেই যাতে বলা হয়েছে যে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রুকূ‘তে যাওয়ার সময় হাত উঠাননি কিংবা রুকূ‘ থেকে মাথা উঠানোর সময় হাত উঠাননি। হানাফীদের মাঝেও হাত না উঠানোর চেয়ে হাত উঠানোর রিওয়ায়াত রয়েছে বলে প্রমাণ মেলে অনেক বেশী। অন্তত ৫০ জন সাহাবী থেকে হাত উঠানোর রিওয়ায়াত বর্ণিত হয়েছে। তার মধ্যে ছয়টি হাদীস মুতাওয়াতীর যা থেকে মুখ ফেরানোর সুযোগ নেই।

শাহ ওয়ালীউল্লাহ দেহলভী (রহঃ) বলেন, আমার কাছে সত্য ও বাস্তব হলো সবটাই সুন্নাত। তবে হাত উঠানোর হাদীস বেশী ও সবচেয়ে শক্তিশালী।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55352

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন